৪৫

দৈনিক ইনকিলাব

তারিখ ... FEB 10 1999 ... ...
পৃষ্ঠা ৭৭ কলাম ৫......

# মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্রের প্রতিবাদে গাজীপুরে গণসমাবেশ

প্রেস বিজ্ঞপ্তি ঃ সি সার্ভেন্টস অফ সাফারিং হিউম্যান ইন্টারন্যাশনাল কর্তৃক পরিচালিত এদারায়ে খোদ্দামুল কোরআন বাংলাদেশ-এর উদ্যোগে মাদ্রাসাসমূহের বিরুদ্ধে ষড়যন্ত্রের প্রতিবাদে সম্প্রতি গাজীপুর জেলার টঙ্গীস্থ এরশাদ নগরে 'এক শিশু ও গণসমাবেশ অনুষ্ঠিত হয়। স্থানীয় ৫ নং ব্লক মসজিদের ইমাম মাওলানা আমান উল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি ছিলেন, হাফেজ মাওলানা আতাউল্লাহ, বিশেষ অতিথি অ্যাডভোকেট শেখ রেজাউল করিম ও প্রধান বক্তা সংস্থার সভাপতি মাওলানা আবদুল্লাহ খান।

সমাবেশে উপস্থিত ছাত্র-ছাত্রীদের দেখিয়ে বলা হয়, এসব শিশুদের দিয়ে অস্ত্র প্রশিক্ষণ দেয়া কি সম্ভব? বক্তাগণ বলেন, উদ্দেশ্যমূলক ও ন্যক্কারজনক মিথ্যা প্রচারণার মাধ্যমে মাদ্রাসাগুলো বন্ধের পাঁয়তারা চলছে– এদিকে বিশেষ নজর রাখার জন্য সমাজ সচেতন লোকদের প্রতি আহবান জানানো হয়।